

অবিলম্বে শিক্ষানীতি বাতিল করে নতুন শিক্ষা কমিশন গঠন করতে হবে

-----কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল

■ স্টাফ রিপোর্টার, রংপুর

বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল অধ্যাপক এ বি এম ফজলুল করিম বলেছেন, অবিলম্বে বর্তমান শিক্ষানীতি বাতিল করে নতুন শিক্ষা কমিশন গঠন করতে হবে। তিনি কুরআন-সুন্নাহর আলোকে শিক্ষা ব্যবস্থা চালুর মাধ্যমে ২৪-এর শহিদদের রক্তের বদলা নিতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

শনিবার দুপুরে রংপুর মডেল মসজিদ মিলনায়তনে আয়োজিত বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদ রংপুর মহানগর ও জেলা শাখার দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

সকালে অনুষ্ঠিত আদর্শ শিক্ষক পরিষদ রংপুর মহানগর শাখা আয়োজিত দ্বিবার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন মহানগর সভাপতি অধ্যাপক আনোয়ারুল ইসলাম। এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পরিষদের মহানগর উপদেষ্টা উপাধ্যক্ষ মাওলানা এ টি এম আজম খান, কলেজ শিক্ষক পরিষদের রেজাউল হক রেজা ও মশিউর রহমান, মাধ্যমিক শিক্ষক পরিষদের মফিজ উদ্দিন সরকার, মাদ্রাসা শিক্ষক পরিষদের উস্তর আক্তারুজ্জামান, কারিগরি শিক্ষক পরিষদের আব্দুল বারী, প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষক পরিষদের মোহাম্মদ আলী এবং বিকালে একই স্থানে অনুষ্ঠিত জেলা শাখার দ্বিবার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা সভাপতি অধ্যাপক আব্দুল বাতেন। এ সময় বক্তব্য রাখেন পরিষদের জেলা উপদেষ্টা মাওলানা এনামুল হক।

সম্মেলনে এ বি এম ফজলুল করিম নতুন শিক্ষা কমিশনে দুই জন আলেমসহ অন্যান্য ধর্মের প্রতিনিধি রাখার প্রস্তাব করে বলেন, ইসলামে সব ধর্মের প্রতি সম্মান জানানো হয়েছে। তাই সবার সন্তান যেন আদর্শ চরিত্রবান মানবিক গুণাবলিসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে এ লক্ষ্যে এ দেশের সব ধর্মের উপযোগী নৈতিক ও ধর্মীয় মূল্যবোধের আলোকে শিক্ষাব্যবস্থা প্রণয়ন করতে হবে। অন্যথায় জাতি তা মানবে না। তিনি বলেন, অবিলম্বে সব স্তরের প্রতিনিধি সমন্বয়ে নতুন শিক্ষা কমিশন গঠন করতে হবে। বর্তমান নৈতিকতাবিরোধী শিক্ষা ও পাঠ্যসূচি

পায়তনে বন্ধ ও দাবনেয়াপ পায়বন্ধনা অহশেয়ত
তিনি আহ্বান জানান। তিনি বলেন, একই সঙ্গে সব
স্তরের প্রাক-প্রাথমিকে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক
করতে হবে।

সম্মেলনে এ বি এম ফজলুল করিম জাতি গঠনে
শিক্ষকদের মানুষ গড়ার আদর্শ কারিগর হিসেবে গড়ে
ওঠার আহ্বান জানান।